




নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

বেগমগঞ্জ, নোয়াখালী।



টেলিফোনঃ ০৩২১-৫২২১২, ফ্যাক্সঃ ০৩২১-৫৩৬৫৯, অভিযোগ কেন্দ্রঃ ০৩২১- ৫১৫৫৯, ই-মেইলঃ gm.noa.pbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৭৫০৭.৫৩১.০১.৩৮.২০২১.৩৭৬২

তারিখঃ ০৭/১০/২০২১ ইং।

বিষয়ঃ কন্ডাক্টর (তার) পরিবহনের দরপত্র আহবান প্রসঙ্গে (RFQ)।

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নের ছকে বর্ণিত বিবরণ অনুযায়ী কন্ডাক্টর (তার) পরিবহনের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নলিখিত লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা হইতেছে।

ক্রঃ নং	বিবরণ	ওজন ও দুরত্ব	একক দর (সকল প্রকার কর সহ)	মোট মূল্য (সকল প্রকার কর সহ)
০১	চাঁদপুর পবিস-১, হাজীগঞ্জ, চাঁদপুর হইতে ৩৮ মেট্রিকটন তার ডি-২৮ ট্রাক যোগে পরিবহন পূর্বক নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর বেগমগঞ্জ, নোয়াখালীতে (লোডিং- আনলোডিং সহ) পৌছানো।	মোট ওজন-৩৮ মেট্রিক টন / দুরত্ব-৬৯ কি.মি		
কথায়ঃ				মোট (সকল প্রকার কর সহ)=

দরপত্র গ্রহণ ও খোলার সময় ও তারিখ

কোটেশান আগামী ১৪/১০/২০২১ ইং তারিখ সকাল ০৯: ঘটিকা হইতে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২:০৫ ঘটিকায় দরদাতা গণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশান সমূহ খোলা হইবে।

শর্তাবলীঃ

- ০১। খামের উপর “কন্ডাক্টর (তার) পরিবহন দরপত্র” কথাটি উল্লেখ করিতে হইবে।
- ০২। দরদাতা প্রতিষ্ঠানের পরিবহন কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। দরপত্রের সহিত ড্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ ব্যাংক সলভেন্সি ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে।
- ০৩। নিম্নলিখিত লেটার হ্যাড প্যাডে দর উল্লেখ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করিতে হইবে। দরদাতা কোনরূপ কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।
- ০৪। বর্ণিত মালামাল পরিবহনকালে কোন দুর্ঘটনা বা ক্ষতি হইলে পরিবহন ঠিকাদার দায়ী থাকিবেন। মালামাল পরিবহনের পূর্বে সমিতির সহিত যোগাযোগ করিয়া তারিখ নির্ধারণ করিতে হইবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির সহিত ট্রান্সফরমার সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করিতে হইবে এবং পবিবো / সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করিতে হইবে।
- ০৬। কন্ডাক্টর তার পরিবহনের জন্য ট্রলি এবং লোডিং - আনলোডিং এর জন্য ফ্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করিতে হইবে এবং এর জন্য কোন বিল দাবী করা যাইবে না।
- ০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে পরিবহন কাজ সম্পাদন করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে কন্ডাক্টর পরিবহনে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের) বেশী হইবে না।
- ০৮। কন্ডাক্টর তার পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে। পরিশোধযোগ্য বিল হইতে নিয়মানুযায়ী ভ্যাট/ আয়কর কর্তন করা হইবে।
- ০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)

জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পরিঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৩। পুলিশ সুপার, নোয়াখালী।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, নোয়াখালী।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা, নোয়াখালী।
- ০৭। ডি.জি.এম- চাটখিল / সেনবাগ/ সোনাইমুড়ী / কোম্পানীগঞ্জ/ সোনাপুর/কবিরহাট জোনাল অফিস, ডিজিএম (কারিগরি), নপবিস।
- ০৮। সকল বিভাগীয় প্রধান, নপবিস।
- ০৯। এজিএম (আইটি) [নপবিসের ওয়েব সাইটের মাধ্যমে প্রচারের ব্যবস্থার জন্য]
- ১০। নোটিশ বোর্ড, নপবিস।

(প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)

জেনারেল ম্যানেজার